



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.pirojpur.gov.bd

বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, পিরোজপুর জেলার বিভিন্ন সড়কে ও মহাসড়কে মোটর সাইকেল চালক ও আরোহীরা একত্রে দলবদ্ধে ও বিশৃঙ্খলভাবে চলাচল করছেন। ফলে সড়কে যান চলাচলে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে এবং কোথাও কোথাও সড়ক দুর্ঘটনা ছাড়াও অপ্রীতিকর ঘটনা ঘটেছে। এছাড়াও অদ্য ১৮ ডিসেম্বর, ২০২৩ তারিখ হতে জাতীয় সংসদ নির্বাচন- ২০২৪ এর প্রচারণা সংক্রান্ত কার্যক্রম শুরু হবে। এক্ষেত্রে, এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ৮ এর আলোকে কোন নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাহাদের পক্ষে অন্য কোন ব্যক্তি- (ক) কোন ট্রাক, বাস, মোটর সাইকেল, নৌ-যান, ট্রেন কিংবা অন্য কোন যান্ত্রিক যানবাহন সহকারে মিছিল কিংবা মশাল মিছিল বাহির করিতে পারবে না কিংবা কোনরূপ শোভাউন করিতে পারিবে না।

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে সড়ক পরিবহন আইন, ২০১৮ ও জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা, ২০০৮ যথাযথভাবে মেনে চলার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো এবং উল্লিখিত আইন ও বিধিমালা অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আদেশক্রমে

স্বাক্ষর

মোহাম্মদ জাহেদুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর
ও

রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
১২৭ পিরোজপুর-১, ১২৮ পিরোজপুর-২ ও ১২৯ পিরোজপুর-৩
ফোন:-০২৪৭-৮৮৯০৪০০
e-mail: dcpirojpur@mopa.gov.bd

নম্বর- ০৫.১০.৭৯০০.০০৯.১৮.০৭১.২৩- ৭২৫

তারিখ: ০৩ পৌষ ১৪৩০
১৮ নভেম্বর ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
৪. পুলিশ সুপার, পিরোজপুর
৫. জেলা নির্বাচন অফিসার, পিরোজপুর
৬. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার,..... (সকল) (প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)
৭. উপপরিচালক, জেলা তথ্য অফিস, পিরোজপুর (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
৮. উপজেলা নির্বাচন অফিসার..... (সকল), (পিরোজপুর (প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)
৯. অফিসার ইনচার্জ,..... (সকল থানা), পিরোজপুর (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
১০. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, পিরোজপুর
১১. অফিস কপি

জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর
ও

রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
১২৭ পিরোজপুর-১, ১২৮ পিরোজপুর-২ ও ১২৯ পিরোজপুর-৩